দৈনিক বাংলা

তারিখ 13 JUN 1992
পৃষ্ঠা ৮ কলাম ৬

# শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচীতে লাখ টন বরাদ্দ ঃ তরিকুল

সমাজকল্যাণ ও মহিলা বিষয়ক মন্ত্রী তরিকুল ইসলাম বলেছেন, পল্লী এলাকার দরিদ্র পরিবারের ছেলেমেয়েরা যাতে প্রাথমিক শিক্ষা গ্রহণ করতে পারে এবং স্কুল ছেড়ে চলে না আসে সেজন্য বর্তমান সরকার শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচী চালু করতে যাচ্ছে।

তিনি শনিবার ঢাকায় ইঞ্জিনীয়ার্স ইনস্টিটিউশন মিলনায়তনে মহিলা বিষয়ক অধিদফতর আয়োজিত মহিলা স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানসমূহের জাতীয় সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখছিলেন। খবর তথ্য বিবরণীর।

মন্ত্রী বলেন, শিক্ষার বিনিময়ে খাদ্য কর্ম-সূচীর আওতায় স্কুলে ছেলেমেয়ে পাঠানো গ্রামের দরিদ্র পরিবার পিছু উল্লেখযোগ্য পরিমাণ চাল কিংবা গম দেয়া হবে। এ লক্ষ্যে নতুন অর্থ বছরের জন্য প্রাথমিকভাবে এক লাখ টন খাদ্যশস্য বরাদ্দ রাখা হয়েছে।

সম্মেলনে স্থানীয় সরকারের জাতীয় প্রতিষ্ঠানের পরিচালক (গবেষণা) সৈয়দা রওশন কাদের 'মহিলাদের আর্থ সামাজিক উন্নয়নে বেসরকারী প্রতিষ্ঠানসমূহের দরিদ্র মহিলা ও শিশুদের জন্য সমষ্টিভিত্তিক কর্মসূচী প্রকল্পের গুরুত্ব ও সম্ভাবনা' শীর্ষক একটি নিবন্ধ উপস্থাপন করেন।

সভাপতির ভাষণে মহিলা বিষয়ক মন্ত্রণালয়ের সচিব মুহম্মদ ইনামুল হক বলেন, মহিলা বিষয়ক মন্ত্রণালয় ও এর অধিদফতর দেশের দুস্থ মহিলাদের অনানুষ্ঠানিক শিক্ষা ও বৃত্তিমূলক প্রশিক্ষণ দিচ্ছে।

উল্লেখ্য, মহিলা বিষয়ক অধিদফতরের নিবন্ধীকৃত দেশের ১২৮৮টি মহিলা স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানের মধ্যে ১০৫টি প্রতিষ্ঠান দরিদ্র মহিলা ও শিশুদের জন্য সমষ্টিভিত্তিক কর্মসূচী পরিচালনা করছে।